

## উপজেলা পরিক্রমা

### বগুড়া সদর

(সংবাদদাতা)

উত্তরবঙ্গের প্রাণ কেন্দ্র বন-বনানীর ছায়াঘেরা সুন্দর-মনোরম পরিবেশ বিধৌত করতোয়া নদীর তীর ও বাঙ্গালী নদীর উপকণ্ঠে বগুড়া সদর উপজেলাটি অবস্থিত। জানা যায়, বাংলার সুবেদার বগড়া খা-এর নাম অনুসারে বগুড়া সদর উপজেলাটির নামকরণ হয়েছে।

**আয়তন ও লোকসংখ্যা**  
বগুড়া সদর উপজেলার আয়তন ১৫৭ বর্গ মাইল। ২১টি ইউনিয়ন ও ১টি পৌরসভার মোট লোকসংখ্যা ৪,৪৩,৪২০ জন। পৌরসভার লোকসংখ্যা ৬৬ হাজার ৬শ' ৭৩ জন। মোজা—২৬৩টি। মোট জমি ৭৪,৯৬৭-২৯ একর। শতকরা ৮৫ জন কৃষির উপর নির্ভরশীল।

**কৃষি ব্যবস্থা**  
কৃষি উপপাদন ক্ষেত্রে বগুড়া সদর উপজেলার ভূমিকা গুরুত্বপূর্ণ। কৃষিপণ্য ধান, পাট, সরিষা, কলাই, পান, কলা ও ইক্ষু। উপজেলার মোট আবাদী জমির পরিমাণ ৭৪ লাখ ৯ হাজার ৭শ' ২৯ একর। অনাবাদী জমির সংখ্যা ২৩ লাখ ৫৬ হাজার ৬শ' ২৯ একর। কৃষি সমবায় সমিতি ৩শ' ২৫টি। মোট সমবায় সমিতি ৪শ' ৭৮টি। কেন্দ্রীয় সমবায় সমিতি ৪শ' ৭৮টি। প্রাথমিক সমিতির সংখ্যা ৪শ' ৭২টি। পাওয়ার পাম্প ৯৮টি, গভীর নলকূপ ৬০টি, অগভীর নলকূপ ১ হাজার ৭৬টি, হস্তচালিত নলকূপ (আরডি) ২ হাজার ৪শ' ১২টি।

**উপজেলার পরিসংখ্যান**  
এই উপজেলার বিভিন্ন রাস্তা সংস্কার ও ভাল যোগাযোগ ব্যবস্থা উন্নতি না হওয়ায় জনসাধারণকে দুর্ভোগ

পোহাতে হচ্ছে। এই উপজেলায় মোট রাস্তার দৈর্ঘ্য ১শ' ৩৫ মাইল, পাকা রাস্তা থানা পরিষদ ৬/ মাইল, কাচা রাস্তা ১শ' ১৪ মাইল ও ইট বিছানো রাস্তা ১২/ মাইল। নদী ২টি ২৬ মাইল, খাল ১১টি, ৩৫ মাইল, হাট ২৫টি, বাজার ৬টি, রেলওয়ে স্টেশন ১টি, পোস্ট অফিস ১৮টি, প্রেস ক্লাব ১টি, পত্রিকা অফিস দৈনিক ৪টি, সাপ্তাহিক ৩টি ও মিলনায়তন ১টি। স্বাস্থ্য ব্যবস্থা

এ উপজেলায় ৩টি আধুনিক হাসপাতাল রয়েছে। দাতব্য চিকিৎসালয় ২টি। জানা গেছে, দীর্ঘদিন ধরে হাসপাতালটিতে চলছে অনিয়ম। এতে বিভিন্ন যন্ত্রপাতির অভাবসহ গজ ব্যাণ্ডিজের অভাব রয়েছে। ডাক্তারের সংখ্যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল।

**শিক্ষা ব্যবস্থা**  
এখানে ৩টি সরকারী মহাবিদ্যালয়, ৩টি বেসরকারী মহাবিদ্যালয়, ১টি কমার্শিয়াল মহাবিদ্যালয়, ১টি কারিগরি মহাবিদ্যালয়, ১টি ইসলামী কারিগরি মহাবিদ্যালয়, ১টি ডিপ্লোমা স্টাটিলিপি মহাবিদ্যালয়, ১টি আইন কলেজসহ ১শ' ৮১টি প্রাথমিক বিদ্যালয়, ৩টি উচ্চ বিদ্যালয়, ১৭টি জুনিয়র বিদ্যালয়, ১৩টি মাদ্রাসা, ২৬টি ফোরকানিয়া মাদ্রাসা, ১টি কমিউনিটি সেন্টার, ১৭টি পারিবার কল্যাণ কেন্দ্র, ২টি মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কেন্দ্র।

**বিদ্যুৎ ব্যবস্থা**  
উপজেলার সবক'টি গ্রামের এখনও বিদ্যুতের ব্যবস্থা হয়নি। তবে বিভাগ লেগেই আছে। ফলে মিল-কারখানা ও ছাত্র-ছাত্রীদের লেখা-পড়ায় দারুণ ব্যাঘাত ঘটছে।